# লেকচার ৭

- প্রকৃতি ও প্রত্যয়
- ধাতু

## প্রকৃতি ও প্রত্যয়

প্রকৃতি

- নাম প্রকৃতি/প্রতিপাদিক
- প্রত্যয় যুক্ত হওয়ার পরে শব্দের অর্থ ও শ্রেণী পরিবর্তী হয়
- ক্রিয়া প্রকৃতি/ধাতু

প্রত্যয়

- তদ্ধিত প্রত্যয়
  ১. বাংলা তদ্ধিত প্রত্যয়
  ২. সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
  ৩. বিদেশি তদ্ধিত প্রত্যয়
- শব্দের সাথে যুক্ত অর্থহীন অতিরিক্ত অংশ
- কৃত প্রত্যয়
  ১. বাংলা কৃৎপ্রত্যয়
  ২. সংকৃত কৃৎপ্রত্যয়

**গুণ ও বৃদ্ধির নিয়ম**

| গুণ | বৃদ্ধি |
|---|---|
| এ = ই/ঈ | ঐ = ই/ঈ |
| ও = উ/ঊ | ঔ = উ/ঊ |
| অর = ঋ | আ = অ |
| | আর = ঋ |

**ধাতুর শেষের পরিবর্তন**

| | | |
|---|---|---|
| ক | = | চ / জ |
| খ | = | ছ |
| গ | = | জ |
| দ | = | ধ |
| ব | = | উ / ব |

বি:দ্র:- ধাতুর ২য় বর্ণের র/-্র থাকলে পূর্বের বর্ণের সাথে ( ৃ ) ঋ কার যুক্ত হবে।

## কৃৎ প্রত্যয়

**বাংলা কৃৎ প্রত্যয়ঃ**

ইয়া, আই, উ আল, আরি, না, আন, তা অ, তি, অক, অনা, অনি, অন, অন্ত, আও, উয়া, ই, উক

**সংস্কৃত কৃৎ প্রত্যয়ঃ**

ইন, উ, য, ত, আলু, অন, উক, তা, অ, তি, ইষ্ণু, বর, ব, র, মান, তক, তব্য, অনীয়, এ, ন

| ক্র. নং | যদি কোনো শব্দের শেষে নিম্নোক্ত প্রত্যয় থাকে | পরিবর্তীত হয়ে যা হবে | উদাহরণ |
|---|---|---|---|
| ০১ | "য়/অয়" | "অল" | |
| ০২ | "অন" | "অনট" | |
| ০৩ | অক | নক | কারক = কৃ + নক |
| ০৪ | তা / ধা | তৃচ | নেতা = √নী + তৃচ |
| ০৫ | মান | শানচ | বর্ধমান √বৃধ + শানচ |
| ০৬ | য / ্য | ঘ্যান | কার্য = √কৃ + ঘ্যান |
| ০৭ | ত, ক্ত, ন্ত, দ্ধ, র্ধ | ক্ত | |
| ০৮ | তি ক্তি ন্তি দ্ধি র্ধি | ক্তি | |

**০৯. এগুলো শব্দের শেষে থাকলে কোন পরিবর্তন হবে না**

- উক = উক, • তব্য = তব্য, • অনীয় = অনীয়

## তদ্ধিত প্রত্যয়

**বাংলা তদ্ধিত প্রত্যয়ঃ**

আমি, আনো, আর, আলি, ই, নি, সা, মন্ত, ক, তা, টা, আরি, ওয়ালা, আল, পনা, আ, কিয়া, টা, কা, (না, পা) ইয়া, টিয়া, উড়িয়া, আই, পানা, পারা, ভর, উক, আ, উ, ট

**বিদেশি তদ্ধিত প্রত্যয়ঃ**

চা, খোর, নবিশ, বাজ, ওয়ান, আনা, দানা, দার, খানা, গর, স্তান, তর, বন্দি, সই, গিরি।

**সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ঃ**

| ক্র. নং | যদি কোনো শব্দের শেষে নিম্নোক্ত প্রত্যয় থাকে | পরিবর্তীত হয়ে যা হবে | উদাহরণ |
|---|---|---|---|
| ০১ | অ | ষ্ণ | যাদব = যুদ + ষ্ণ, মানব, শৈশব |
| ০২ | ই | ষ্ণি | লাবণি = লবণ + ষ্ণি |
| ০৩ | ইক | ষ্ণিক | বার্ষিক = বর্ষ + ষ্ণিক, সদন্বিত্যক |
| ০৪ | এ | ষ্ণে | ভাগ্নে = ভাগ্নি + ষ্ণে |
| ০৫ | এয় | ষ্ণেয় | অগ্নেয় = অগ্নি + ষ্ণেয় |
| ০৬ | মান | মতুপ | বুদ্ধিমান = বুদ্ধি + মতুপ |
| ০৭ | বান | বতুপ | রূপবান = রূপ + বতুপ, দয়াবান |
| ০৮ | ইমা | ইমন | নীলিমা = নীল + ইমন |
| ০৯ | ঈ | ইন | গুনী - গুন + ইন |
| ১০ | ইন | নীল | সংজনীন = সর্বজন + নীন |
| ১১ | বী | বিন | মেধাবী = মেধা  + বিন |

১২. ইত, ইল, ইষ্ঠ, তর, তা, তম, তা, ত্ব, এগুলো শব্দের শেষে থাকলে কোন রূপ পরিবর্তীত হবে না-

ইত = (কুসুমিত) = কুসুম + ইত
ইল = (পঙ্কিল) = পঙ্ক + ইল
ইষ্ঠ = (গরিষ্ঠ) = গুরু + ইষ্ঠ
তর = (গুরুতর) = গুরু + তর
তম = ক্ষুদ্রতম = ক্ষুদ্র + তম
তা = সুজনতা = সুজন + তা
ত্ব = গুরুত্ব = গুরু + তম

☑ বিভক্তিহীন শব্দকে বলা হয় নাম প্রকৃতি বা প্রাতিপদিক। যেমন-ছেলেটি বড় লাজুক।-ঘরামি ডেকে ঘর ছেয়ে নে। ‘বড়’ ও ‘ঘর’-এর সঙ্গে কোনো বিভক্তি যুক্ত হয়নি। যা দ্বারা কোনোকিছুর নাম নির্দেশ করা হয় তাকে নাম প্রকৃতি বলে।

☑ ক্রিয়ার মূলকে বলা হয় ক্রিয়া প্রকৃতি। ক্রিয়া প্রকৃতি নিজে শব্দরূপে ব্যবহৃত হয় না। যেমন-–চলন্ত = চল্ + অন্ত, এখানে,‘চল’ হলো ক্রিয়া প্রকৃতি –প্রকৃতি কথাটি বুঝানো হয়√চিহ্ন ব্যবহার করে। যেসব প্রকৃতির সাহায্যে কাজ বোঝায় তাকে– ক্রিয়া প্রকৃতি বলে।

**গুরুত্বপূর্ণ প্রকৃতি ও প্রত্যয়**

| প্রদত্ত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| অগ্র | √অগ + র | কৃৎ প্রত্যয় |
| অন্ত্য | অন্ত + য | তদ্ধিত প্রত্যয় |
| আকাশি | আকাশ + ই | তদ্ধিত প্রত্যয় |
| আসন | √আস + অন | কৃৎ প্রত্যয় |
| আবাসিক | আবাস্ + ইক | তদ্ধিত প্রত্যয় |
| আত্মীয় | আত্ম + ঈয় | তদ্ধিত প্রত্যয় |
| ইন্দ্রজিত | √ইন্দ্র + জি + দ্বিপ | কৃৎ প্রত্যয় |
| ঈশ্বর | √ঈশ্ + বর | কৃৎ প্রত্যয় |
| উক্তি | √বচ + ক্তি | কৃৎ প্রত্যয় |
| একহারা | এক + হারা | তদ্ধিত প্রত্যয় |
| এঁটেল | আঠা + লো = আঁঠালো > এঁটেল | তদ্ধিত প্রত্যয় |
| ওড়না | √উড় + না | কৃৎ প্রত্যয় |
| কর্তব্য | √কৃ + তব্য | কৃৎ প্রত্যয় |
| কান্না | √কাঁদ + না | কৃৎ প্রত্যয় |
| খ্যাতি | √খ্যা + তি | কৃৎ প্রত্যয় |
| গ্রামীণ | গ্রাম + ঈণ | তদ্ধিত প্রত্যয় |
| ঘুমন্ত | √ঘুম্ + অন্ত | কৃৎ প্রত্যয় |
| চরণ | √চর + অন | কৃৎ প্রত্যয় |
| চিরুনী | √চির্ + উনি = চিরনী >চিরুনী | কৃৎ প্রত্যয় |
| জীবন্ত | √জীব্ + অন্ত | কৃৎ প্রত্যয় |

| প্রদত্ত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | প্রত্যয়ের নাম |
|---|---|---|
| ঝলক | √ঝল্ + অক | কৃৎ প্রত্যয় |
| ডিঙা | ডিঙি + আ | তদ্ধিত প্রত্যয় |
| ডুবন্ত | √ডুব্ + অন্ত | কৃৎ প্রত্যয় |
| তরল | √তৃ + অল | কৃৎ প্রত্যয় |
| দর্শন | √দৃশ + অনট | কৃৎ প্রত্যয় |
| দর্শনীয় | √দৃশ্ + অনীয় | কৃৎ প্রত্যয় |
| দোলনা | √দুল্ + অনা = দুলনা > দোলনা | কৃৎ প্রত্যয় |
| নয়ন | √নী + অনট্ = √নী + অন>(ন + অন) | কৃৎ প্রত্যয় |
| বক্তা | √বচ + তৃচ (তা) | কৃৎ প্রত্যয় |
| বাঁশি | বাঁশ + ই | তদ্ধিত প্রত্যয় |
| ভেজাল | √ভেজ্ + আল | কৃৎ প্রত্যয় |
| মুক্ত | √মুচ্ + ত | কৃৎ প্রত্যয় |
| যৌবন | যুব + ষ্ণ | তদ্ধিত প্রত্যয় |
| শৈশব | শিশু + ষ্ণ | তদ্ধিত প্রত্যয় |
| সাপুড়ে | সাপ - সাপুড়িয়া > সাপুড়ে | তদ্ধিত প্রত্যয় |
| সিক্ত | √সিচ্ + ক্ত = সিক + ত | কৃৎ প্রত্যয় |

| শব্দ গঠন | সাধিত শব্দ | প্রত্যয়ের ধরন |
|---|---|---|
| শিশু +অ | শৈশব | তদ্ধিত |
| জি+অ | জয় | কৃৎ |
| পঠ্+অক | পাঠক | কৃৎ |
| নিন্দ্+অক | নিন্দক | কৃৎ |
| দাপ+অট | দাপট | তদ্ধিত |
| কপ্+অট | কপট | কৃৎ |
| দুল্+অনা | দোলনা | কৃৎ |
| খেল্+অনা | খেলনা | কৃৎ |
| মান্+অনীয় | মাননীয় | কৃৎ |
| দৃশ্+অনীয় | দর্শনীয় | কৃৎ |
| উড়্+অন্ত | উড়ন্ত | কৃৎ |
| মহ্+অন্ত | মহন্ত | কৃৎ |
| কর্দ্+অম | কর্দম | কৃৎ |
| চর্+অম | চরম | কৃৎ |
| বাঘ+আ | বাঘা | তদ্ধিত |
| পড়্+আ | পড়া | কৃৎ |
| ঢাকা+আই | ঢাকাই | তদ্ধিত |
| সিল্+আই | সেলাই | কৃৎ |
| ঘির্+আও | ঘেরাও | কৃৎ |
| পাকড়্+আও | পাকড়াও | কৃৎ |
| গাড়ি+আন | গাড়োয়ান | তদ্ধিত |
| শী+আন | শয়ান | কৃৎ |
| বিবি+আনা | বিবিয়ানা | তদ্ধিত |
| মুনশি+আনা | মুনশিয়ানা | তদ্ধিত |
| বাবু+আনি | বাবুয়ানি | তদ্ধিত |
| শুন্+আনি | শুনানি | কৃৎ |
| বেত+আনো | বেতানো | তদ্ধিত |
| চাল্+আনো | চালানো | কৃৎ |
| পাগল+আমি | পাগলামি | তদ্ধিত |
| ছেলে+আমি | ছেলেমি | তদ্ধিত |
| ভিখ+আরি | ভিখারি | তদ্ধিত |
| ধুন+আরি | ধুনারি | তদ্ধিত |
| বোমা+আরু | বোমারু | তদ্ধিত |
| খোঁজ্+আরু | খোঁজারু | কৃৎ |

| শব্দ গঠন | সাধিত শব্দ | প্রত্যয়ের ধরন |
|---|---|---|
| ঘাট+আল | ঘাটাল | তদ্ধিত |
| মাত্+আল | মাতাল | কৃৎ |
| জমক+আলো | জমকালো | তদ্ধিত |
| রস+আলো | রসালো | তদ্ধিত |
| চাষ+ই | চাষি | তদ্ধিত |
| ভাজ্+ই | ভাজি | কৃৎ |
| দিন+ইক | দৈনিক | তদ্ধিত |
| চরিত্র+ইক | চারিত্রিক | তদ্ধিত |
| কন্টক+ইত | কন্টকিত | তদ্ধিত |
| পঠ্+ইত | পঠিত | কৃৎ |
| নীল+ইমা | নীলিমা | তদ্ধিত |
| গুরু+ইমা | গরিমা | তদ্ধিত |
| জাল+ইয়া | জালিয়া > জেলে | তদ্ধিত |
| গা+ইয়া | গাইয়া > গাইয়ে | কৃৎ |
| পঙ্ক+ইল | পঙ্কিল | তদ্ধিত |
| সল্+ইল | সলিল | কৃৎ |
| চল্+ইষ্ণু | চলিষ্ণু | কৃৎ |
| সহ্+ইষ্ণু | সহিষ্ণু | কৃৎ |
| প্রাণ+ঈ | প্রাণী | তদ্ধিত |
| স্থা+ঈ | স্থায়ী | কৃৎ |
| নর+ঈ | নারী | তদ্ধিত |
| ছাত্র+ঈ | ছাত্রী | তদ্ধিত |
| গ্রাম+ঈন | গ্রামীণ | তদ্ধিত |
| সর্বজন+ঈন | সর্বজনীন | তদ্ধিত |
| রাষ্ট্র+ঈয় | রাষ্ট্রীয় | তদ্ধিত |
| মিশর+ঈয় | মিশরীয় | তদ্ধিত |

বি:দ্র: বর্তমান বাংলা বোর্ড বই অনুসারে ধাতু চিহ্ন (√) ব্যবহৃত হয় না।

## বিগত বিসিএস এর প্রশ্নসমূহ

**১. কোনটি প্রত্যয়–সাধিত শব্দ?** [৪৬তম বিসিএস]
ক. ভাইবোন খ. রাজপথ গ. বকলম ঘ. ঐকিক
উত্তর: ঘ

**২. কৃদন্ত পদের পূর্ববর্তী পদকে কী বলে?** [৪৫তম বিসিএস]
ক. উপপদ খ. প্রাতিপদিক গ. প্রপদ ঘ. পূর্বপদ
উত্তর: ক

**৩. কোনটি নামধাতুর উদাহরণ?** [৪৩তম বিসিএস]
ক. চল্ খ. কর্ গ. বেতা ঘ. পড়্
উত্তর: গ

**৪. 'কৃষ্টি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়-** [৪২তম বিসিএস]
ক. কৃষ+তি খ. কৃষ্ + টি গ. কৃ+ইষ্টি ঘ. কৃষ্ + ইষ্টি
উত্তর: ক

**৫. প্রচুর+য=প্রাচুর্য; কোন প্রত্যয়?** [৪১তম বিসিএস]
ক. কৃৎপ্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় গ. বাংলা কৃৎ প্রত্যয় ঘ. সংস্কৃত কৃৎ প্রত্যয়
উত্তর: খ

**৬. বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [৪০তম বিসিএস]
ক. কারক খ. লিখিত গ. বেদনা ঘ. খেলনা
উত্তর: ঘ

**৭. 'সর্বাঙ্গীণ' শব্দের ঠিক প্রকৃতি-প্রত্যয়?** [৪০তম বিসিএস]
ক. সর্বঙ্গ+ইন খ. সর্ব+অঙ্গীন গ. সর্ব+ঙ্গীন ঘ. সর্বাঙ্গ+ঈন
উত্তর: ঘ

**৮. 'শ্রদ্ধা' শব্দের ঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?** [৩৮তম বিসিএস]
ক. শ্রৎ+√ধা+অ+আ খ. শ্রৎ+√ধা+আ গ. শ্র+√ধা+আ ঘ. শ্রু+√ধা+আ
উত্তর: ক

**৯. বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [৩৮তম বিসিএস]
ক. চামার খ. ধারালো গ. মোড়ক ঘ. পোষ্টাই
উত্তর: গ

**১০. নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়নি?** [৩৬তম বিসিএস]
ক. সভাসদ খ. শুভেচ্ছা গ. ফলবান ঘ. তন্বী
উত্তর: খ

**১১. নিচের কোন শব্দটি প্রত্যয়সাধিত?** [৩৫তম বিসিএস]
ক. প্রলয় খ. খণ্ডিত গ. নিঃশ্বাস ঘ. অনুপম
উত্তর: খ

**১২. 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?** [৩০তম বিসিএস]
ক. সহ + চর + র্য খ. সহচর + য ফলা গ. সহচর + য ঘ. কোনোটিই নয়
উত্তর: গ

১৩. 'মেছো' শব্দের প্রকৃতি-প্রত্যয় কি? [২৭তম বিসিএস]
ক. মাছ + ও খ. মেছ + ও গ. মাছি + উয়া >ও ঘ. মাছ + উয়া >ও উত্তর: ঘ

১৪. উৎকর্ষতা কী ধরনের অশুদ্ধ? [২৪তম বিসিএস]
ক. সন্ধিজনিত খ. প্রত্যয়জনিত গ. উপসর্গজনিত ঘ. বিভক্তিজনিত উত্তর: খ

১৫. ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়? [১৮তম বিসিএস]
ক. আন খ. আই গ. আল ঘ. আও উত্তর: খ

১৬. 'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৮তম বিসিএস]
ক. দুল্ + অনা খ. দোল্ + না গ. দোল্ + অনা ঘ. দোলনা + আ উত্তর: ক

## গুরুত্বপূর্ণ প্রশ্ন সমূহ

১. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে?
ক. প্রাতিপদিক খ. উপপদ গ. নামপদ ঘ. সর্বনাম পদ উত্তর: ক

২. ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যোগে যে নতুন শব্দ গঠিত হয় তাকে বলে ......
ক. তদ্বিতান্ত শব্দ খ. কৃদন্ত শব্দ গ. প্রাতিপদিক ঘ. কোনটিই নয় উত্তর: খ

৩. কোন শব্দের ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে?
ক. পানসে খ. সোনালী গ. পাঠক ঘ. ঠগী উত্তর: গ

৪. শব্দ ও ধাতুর মূলকে বলে ...........
ক. বিভক্তি খ. ধাতু গ. কারক ঘ. প্রকৃতি উত্তর: ঘ

৫. নিচের কোন শব্দটিতে 'গুণ' হয়?
ক. √চিন্ + আ = চেনা খ. শিশু + অ = শৈশব গ. মুড় + অক = মোরক ঘ. √পূঁজি + অক = পূজক উত্তর: ক

৬. কোন শব্দটিতে 'বৃদ্ধি' ঘটেছে?
ক. শিশু+অ (ষ্ণ) = শৈশব খ. কৃ+তা = কর্তা গ. √উড়্+অন্ত = উড়ন্ত ঘ. √ভাজ+ই = ভাজি উত্তর: ক

৭. 'আত্মঘাতি' শব্দটির প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. আত্ম+ঘাতী খ. আত্ম+√হন+ণিন গ. আত্ন+√হন+ণিন ঘ. কোনটিই নয় উত্তর: খ

৮. √ভু+উক = ভাবুক; 'উক' কোন প্রত্যয়?
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় গ. ক+খ ঘ. কোনটিই নয় উত্তর: ক

৯. 'উক্ত' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক. উচ্+ক্ত খ. √বচ্+ক্ত গ. উক্ত+তি ঘ. বস্+ক্তি উত্তর: খ

১০. √শ্রম্+ইন = ?
ক. শ্রমী খ. শ্রম গ. শ্রমি ঘ. কোনটিই নয় উত্তর: ক

১১. '√চল্+ইষ্ণু' এর '√চল্' কোন প্রকৃতি?
ক. নাম প্রকৃতি খ. ক্রিয়া প্রকৃতি গ. পাতিপদিক ঘ. কৃদন্ত উত্তর: খ

১২. 'শান্তি' শব্দের প্রকৃতি-প্রত্যয় হচ্ছে ......
ক. √শাম+ন্তি খ. শম+ক্তি গ. √শম্+ন্তি ঘ. কোনটিই নয় উত্তর: খ

১৩. ফার্সি প্রত্যয় সাধিত শব্দ কোনটি?
ক. বাড়িয়ালা খ. দারোয়ান গ. পানসে ঘ. জবানবন্দী উত্তর: ঘ

১৪. 'কুসুমিত' শব্দটির প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক. কুসুম+ইত খ. কুসম+ইত গ. কুসূম+ইত ঘ. কুসুন+ঈত উত্তর: ক

১৫. প্রাচী+য = ?
ক. প্রাচ খ. প্রাচ্য গ. প্রাচী ঘ. পাচ্য উত্তর: খ

১৬. 'সর্বজনীন' কোন প্রত্যয় সাধিত শব্দ?
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় গ. সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ. কোনটিই নয় উত্তর: খ

১৭. মেধা+বীন্= ?
ক. মেধাবী খ. মাধবী গ. মেধাবি ঘ. কোনটিই নয় উত্তর: ক

১৮. চোর+আ = চোরা; কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. বৃহদার্থে খ. সাদৃশ্য গ. অবজ্ঞার্থে ঘ. স্বার্থে উত্তর: গ

১৯. ভাববাচক বিশেষ্য গঠনে কোন প্রত্যয় ব্যবহৃত হয়?
ক. আই খ. আ গ. আমি ঘ. ই উত্তর: ক

২০. কৃৎ প্রত্যয় যুক্ত শব্দ কোনটি?
ক. কর্তব্য খ. কেষ্টা গ. গড়াই ঘ. জুতসই উত্তর: ক

## বাড়ির কাজ

১. অর্থহীনভাবে প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?
ক. সাপুড়ে খ. লোনা গ. লেজুড়ে ঘ. মিঠাই উত্তরঃ গ

২. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়?
ক.জন + অক খ.রাঁধ + উনি গ.কাঁদ + না ঘ.ছাপা + খানা উত্তরঃ ঘ

৩. ডিঙি+আ=ডিঙা-এখানে 'আ' প্রত্যয় কি অর্থে ব্যবহৃত হয়েছে?
ক.সামান্যতা বোঝাতে খ.অবজ্ঞার্থে গ.বৃহদার্থে ঘ.সাদৃশ্য অর্থে উত্তরঃ গ

৪. "সর্বাঙ্গীণ" শব্দের ঠিক প্রকৃতি প্রত্যয়-
ক. সর্বঙ্গ + ঈন খ.সর্ব + আঙ্গীন গ.সর্ব + ঙ্গীন ঘ.সর্বাঙ্গ + ঈন উত্তরঃ ঘ

৫. 'চোর' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত হলে কি অর্থ প্রকাশ পায়?
ক. শ্রদ্ধা খ.অবজ্ঞা গ.সাদৃশ্য ঘ.সামীপ্য উত্তরঃ খ

৬. তদ্ধিত প্রত্যয় কোন প্রকৃতির সঙ্গে যুক্ত হয় ?
ক.সান্ধ্য প্রকৃতি খ.ক্রিয়া প্রকৃতি গ.নাম প্রকৃতি ঘ.নৈশ প্রকৃতি উত্তরঃ গ

৭. ধাতুর পরে সাধারণত কোন প্রত্যয় যুক্ত করে ক্রিয়াবাচক বিশেষ্য গঠন করা হয় ?
ক.অনা প্রত্যয় খ.অক প্রত্যয় গ.অনি প্রত্যয় ঘ.অন প্রত্যয় উত্তরঃ ঘ

৮. 'মানব' কোন ধরনের প্রত্যয় ?
ক.বাংলা কৃৎ প্রত্যয় খ.সংস্কৃত তদ্ধিত প্রত্যয় গ.সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ.বাংলা তদ্ধিত প্রত্যয় উত্তরঃ খ

৯. কৃদন্ত পদ গঠনে যদি নতুন স্বরের আগমন হয়, তবে তাকে কি বলে ?
ক.হ্রাস খ.বৃদ্ধি গ.গতি ঘ.যতি উত্তরঃ খ

১০. নিচের কোন শব্দের ধাতুর সাথে প্রত্যেয় যুক্ত ?
ক. ঠগী খ. পানসে গ. পাঠক ঘ. সেলামী উত্তরঃ গ

১১. 'পাকড়াও' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি ?
ক.পাক + ড়াও খ.পা + কড়াও গ.পাকড় + আও ঘ.পাকড় + ও উত্তরঃ গ

১২. ভৌগলিক শব্দটির ঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক.ভূগোল + ষিক খ.ভূগোল + ষ্ণিক গ.ভূগোল + ষীক ঘ.ভূগোল + ষ্ণীক উত্তরঃ খ

১৩. সূর্য শব্দটিতে নিচের কোন প্রত্যয় যুক্ত হয়েছে ?
ক.অ খ.য গ.ষ্ণ ঘ.ষ্ণু উত্তরঃ খ

১৪. নিচের কোনটি 'মানব' এর ঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি ?
ক.মনু + ষ্ণ খ.মনু + ষ্ণু গ.মানব + অ ঘ.মানুষ + ষ্ণ উত্তরঃ ক

১৫. প্রকৃতি বলতে কি বোঝায়?
ক.ধাতুর মূল খ.শব্দের মূল গ.প্রত্যয়যুক্ত শব্দ ঘ.শব্দ ও ধাতুর মূল উত্তরঃ ঘ

১৬. যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তাকে কি বলে ?
ক.কারক খ.বিভক্তি গ.প্রকৃতি ঘ.যতি উত্তরঃ গ

১৭. সিক্ত শব্দটির ঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক.√সিচ + ক্ত খ.√সিচ্ + ক্ত গ.√শিচ্ + ক্ত ঘ.√শিচ + ইক্ত উত্তরঃ খ

১৮. কোনটিতে উপকরণ বোঝাতে প্রত্যয় যুক্ত হয়?
ক.পাথুরে খ.মেঝো গ.গেঁয়ো ঘ.নেয়ে উত্তরঃ ক

১৯. 'চলন্ত' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি ?
ক.চলন + ত খ.চল + ন্ত গ.চল্ + অন্ত ঘ.চলন + অ উত্তরঃ গ

২০. চরণ শব্দটির ঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক.√চর + আন খ.√চড় + অন গ.√চর্ + অন ঘ.√চর + ণ উত্তরঃ গ

২১. প্রাতিপাদিক এর অপর নাম কি ?
ক.মূল শব্দ খ.শব্দ প্রকৃতি গ.ধাতু প্রকৃতি ঘ.ক্রিয়া প্রকৃতি উত্তরঃ ক

২২. কোন শব্দের প্রত্যয় উপজীবিকা অর্থে ব্যবহৃত হয়েছে?
ক.গেঁয়ো খ.মেছো গ.টেকো ঘ.গেছো উত্তরঃ খ

২৩. 'মনু+ষ্ণ'-এর মূলভাব কোনটি?
ক.মানুষ খ.মালয় গ.মানয় ঘ.মানব উত্তরঃ ঘ

২৪. নিচের কোন শব্দের ধাতুর সাথে প্রত্যয় যুক্ত হয়েছে ?
ক.গৌরব খ.শৈশব গ.পঠিত ঘ.মহিমা উত্তরঃ গ

২৫. 'উক্তি' শব্দের ঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি ?
ক.√শক + ক্তি খ.√বচ + ক্তি গ.√শান + ক্তি ঘ.√শা + আহ উত্তরঃ খ

২৬. ধাতুর সঙ্গে যখন কোনো ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ তৈরী হয়, তখন ক্রিয়ামূল বা ধাতুকে কি বলে?
ক.প্রকৃতি বা ক্রিয়া প্রকৃতি খ.প্রত্যয় গ.সাধিত ধাতু ঘ.নিজন্ত ধাতু উত্তরঃ ক

২৭. কোনটি কৃৎ প্রত্যয় সাধিত শব্দ?
ক. ডুবন্ত খ. ঢাকাই গ. নিমাই ঘ. ঘরোয়া উত্তরঃ ক

২৮. ধাতু বা প্রকৃতির অন্ত্যধ্বনি আগের ধ্বনির নাম কি?
ক. উপধা খ. অনুধা গ. ব্যবধা ঘ. মতধা উত্তরঃ ক

২৯. ক্রিয়া প্রকৃতির সাথে কোন প্রত্যয় যুক্ত হয় ?
ক.কৃৎ প্রত্যয় খ.তদ্ধিত প্রত্যয় গ.স্ত্রী প্রত্যয় ঘ.বচন প্রত্যয় উত্তরঃ ক

৩০. 'লাজুক' -এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি ?
ক.লাজ + উক খ.লা + জুক গ.লা + উক ঘ.লাজু + উক উত্তরঃ ক

৩১. 'পৈতৃক' এর ঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি ?
ক.পিতা + ইক খ.পিতা + উক গ.পিতা + এক ঘ.পিতা + ঋক উত্তরঃ ক

৩২. বাংলা ভাষায় যে সকল বিদেশি প্রত্যয় নতুন নতুন শব্দ গঠন সাহায্য করেছে , তাদের অধিকাংশ কোন ভাষা থেকে গৃহীত?
ক.আরবি খ.ফারসি গ.ফরাসি ঘ.ইংরেজী উত্তরঃ খ

৩৩. ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বোঝায় ?
ক.অক খ.আই গ.ফলে ঘ.আও উত্তরঃ খ

৩৪. যে শব্দ বা শব্দাংশের অংশকে আর কোনো বিশ্লেষণ বা ক্ষুদ্রতম অংশে ভাগ করা যায় না, তাকে বলে
ক.প্রত্যয় খ.কারক গ.প্রকৃতি ঘ.বর্ণ উত্তরঃ গ

৩৫. 'পিতা' কিভাবে 'পৈত্রিক' -এ রূপান্তরিত হয়েছে?
ক.পিতা+উক খ.পিতা+ঋক গ.পিতা+এক ঘ.পিতা+ইক উত্তরঃ ঘ

৩৬. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
ক.উৎকর্ষতা খ.উকর্ষ গ.উৎকৃষ্ট ঘ.উৎকৃষ্টতা উত্তরঃ গ

৩৭. 'ষ্ণ' প্রত্যয়যুক্ত শব্দে মূল স্বরের কি হয়?
ক. বৃদ্ধি খ. গুণ গ. আগম ঘ. ইৎ উত্তরঃ ক

৩৮. 'মেঠো' -এর প্রকৃতি প্রত্যয় কি?
ক.মাঠ+এ খ.মাঠ+ঐ গ.মাঠ+উয়া ঘ.মাঠ+ও উত্তরঃ গ


৩৯. 'শান্তি'-এর প্রকৃতি প্রত্যয় কি?
ক.শম্+ক্তি খ.শম্+ন্তি গ.শান্ত+ঈ ঘ.শাম+ন্তি উত্তরঃ ক

৪০. লেঠেল শব্দটির ঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক.লাঠি + এল খ.লাঠি + আল গ.লাঠি + ইয়াল ঘ.লাঠী + ইয়াল উত্তরঃ খ

৪১. 'চৈনা' শব্দের ঠিক প্রকৃতি -প্রত্যয় কোনটি ?
ক.√চে + অনা খ.√চিন্ + আ গ.√চীন + আ ঘ.√চে + না উত্তরঃ খ

৪২. 'উৎকর্ষতা কি কারণে অশুদ্ধ?
ক.সন্ধিজনিত খ.প্রত্যয়জনিত গ.উপসর্গজনিত ঘ.বিভক্তিজনিত উত্তরঃ খ

## ধাতু




❑ যে পদ দ্বারা কোন কাজ বুঝায় তাকে ক্রিয়াপদ বলে। ক্রিয়া পদের মূল অংশকে ধাতু বলে। এবং নাম পদের মূল অংশকে বলা হয় প্রতিপাদিক।

ধাতু তিন প্রকার-

I. মৌলিক ধাতু/সিদ্ধ/স্বয়াংসিদ্ধ ধাতু
II. সাধিত ধাতু
III. যৌগিক/সংযোগমূলক ধাতু

❑ **মৌলিক ধাতু:** যে সকল ধাতুকে ভাগ বা বিশ্লেষণ করা যায় না তাকে মৌলিক ধাতু বলে।

যেমন: কর, পড়, চল, ধর, খ

মৌলিক ধাতু তিন প্রকার-

I. বাংলা ধাতু
II. সংস্কৃত ধাতু
III. বিদেশী ধাতু

১. **বাংলা ধাতু:** যে সকল ধাতু সরাসরি সংস্কৃত ক্রিয়াপদ থেকে আসেনি বরং দেশী ক্রিয়া পদ হতে এসেছে তাকে বাংলা ধাতু বলে। চেনার উপায়: 'তুই' এর পরে সাধারণত আমরা যে ধাতুগুলো/ক্রিয়া পাবো সেগুলো বাংলা ধাতু।

যেমন:

| | |
|---|---|
| ধর্, শুন, আঁক, কাঁট, জান্, যা, রাখ্, পড়্, খা, নাচ্, কর্, বাধঁ, কিন্, কহ্ | তুই |

২. **সংস্কৃত ধাতু:** যদি কোন ধাতুর সাথে "আ" প্রত্যয় যুক্ত হওয়ার পরে অতিরিক্ত বর্ণহুচ্ছ যুক্ত হয় তাকে সাধিত ধাতু বলে।

যেমন: কৃ, ধৃ, স্থা, দৃশ্, বন্ধ, ত্রদ্, শ্রু ইত্যাদি। এগুলোকে 'তুই' দিয়ে প্রশ্ন করলে উত্ত আসবে না।

সাধিত ধাতু তিন প্রকার-

I. নাম ধাতু
II. প্রযোজক ধাতু
III. কর্মবাচ্চের ধাতু

❖ **নাম ধাতু:** বিশেষ্য, বিশেষণ কিংবা অনুকার অব্যয়ের পরে আ-প্রত্যয় যোগ করে যে নতুন ধাতুটি গঠিত হয়, সেটি নামধাতু। যেমন:

হাত + আ = হাতা
হাতাচ্ছে = হাত + আ
বেত + আ = বেতা
ঘুম + আ = ঘুমা
ঘুমাচ্ছে = ঘুম + আ

যেস ঘুমাচ্ছে
ধমক + আ
ধমকাচ্ছে = ধমক + আ
আমাকে ধমকিও না
ধমক + আ = ধমকা। এটিই নাম ধাতু
এগুলো তখনই নামধাতু হিসেবে বিবেচিত হবে যখন এগুলো ক্রিয়ামূল হিসেবে ব্যবহৃত হবে।

❖ **প্রযোজক ধাতু:** প্রযোজক :ধাতুর অপর নাম ণিজন্ত ধাতু। অন্যকে নিয়োজিত করা অর্থে যে ধাতু হয়, তাকে প্রযোজক ধাতু বলে। যেমন:
তিনি ছেলেকে পড়াচ্ছেন।
পড় + আ = পড়া (প্রযোজক ধাতু)

❖ **কর্মবাচ্যের ধাতু:** মৌলিক ধাতুর সঙ্গে 'আ' প্রত্যয় যুক্ত হবে। নিজে কাজ করা বুঝাবে। Verb এর সাথে 'আ' প্রত্যয় যুক্ত হবে।
দেখ + আ = দেখা
লেখ + আ = লেখা
কর্মবাচ্যের ধাতু।
যেমন: কাজটি ভালো দেখায় না।
যা কিছু হারায় (হার + আ = হারা) গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর।

প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু মূলত এক।

৩. **বিদেশি ধাতু:** যে সকল ধাতু বিদেশী শব্দ হতে আগত তাই বিদেশী ধাতু।
যেমন: আট, ঝুল, খাই, চেচ, টান, ঝম, ভিজ, ডাক, ফির, চাই, ঠেল, টাচ, বিগত, টুচ, নক, লটক, ডর, জম।

☐ **যৌগিক বা সংযোগমূলক ধাতু:** বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর, দে, পা, খা, ছাড় ইত্যাদি মৌলিক ধাতু যুক্ত হয়ে যে ধাতু যুক্ত হয়ে যে নতুন ধাতু গঠিত হয়, তাই সংযোগমূলক ধাতু।
চেনার উপায়: ১। দুটো পদ থাকবে।
২। দুটো পদের প্রথমটির পরে অবশ্যই কর, দে, পা, খা, ছাড়, হ, ধর ইত্যাদি থাকতে হবে। যেমন:

| | |
|---|---|
| ভোট দে, ভাত দে<br>লজ্জা পা, জবাব দে<br>গলা ছাড়, বই ছাড়<br>গলা ধর, ভাত খা<br>ব্যাথা পা, রাজি হ<br>জলদি কর, ভালো কর<br>সাবধান হ | এখানে প্রথম শব্দের পরে দে, পা ছাড়, খা, ধর, হ, কর, সবই সংযোগমূলক ধাতু। |

## গুরুত্বপূর্ণ প্রশ্ন

**১. ক্রিয়ার যে অংশকে বিশ্লিষ্ট করা যায় না, তাকে বলে-**
ক. প্রকৃতি খ. ধাতু গ. প্রত্যয় ঘ. মৌলিক উ: খ

**২. ক্রিয়াপদের মূল অংশকে কী বলে?**
ক. বিবক্তি খ. কারক গ. ধাতু ঘ. প্রত্যয় উ: গ

**৩. ধাতু কয় প্রকার?**
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার উ: গ

**৪. কোনটি বাংলা ধাতু?**
ক. কাট্ খ. কৃ গ. মাগ্ ঘ. গম্ উ: ক

**৫. 'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত?**
ক. সংস্কৃত খ. দেশি গ. খাঁটি বাংলা ঘ. বিদেশি উ: ক

**৬. কাজটি ভালো দেখায় না। এই বাক্যে 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ?**
ক. মৌলিক ধাতুর খ. নাম ধাতুর গ. প্রযোজত :াদুর ঘ. কর্মবাচ্যের ধাতুর উ: ঘ

**৭. 'যা কিছু হারায় গিন্নি বলেন, কেষ্টা বেটাই চোর' এখানে 'হারায়' কোন ধাতুর?**
ক. প্রযোজ্য ধাতু খ. ভাব বাচ্যের ধাতু গ. সংযোগমূলক ধাতু ঘ. কর্মবাচ্যের ধাতু উ: ঘ

**৮. বিভক্তিহীন নাম শাব্দকে বলে-**
ক. প্রাতিবাদিক খ. সাধিক পদ গ. নামপদ ঘ. ক্রিয়াপদ উ: ক

**৯. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী?**
ক. নতুন শব্দ গঠন খ. বাক্যে অলংকার গ. শব্দের মিলন ঘ. ভাষা সংক্ষেপণ উ: ক

**১০. হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' এ বাক্যে 'হের' কোন ধাতু?**
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. অজ্ঞাতমূল উ: ঘ